যুগান্তর

তারিখ 13 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ২

# জাতীয়করণের তালিকায় আরও ৩৭ হাইস্কুল

**যুগান্তর রিপোর্ট**

আরও ৩৭টি বেসরকারি হাইস্কুল জাতীয়করণ হচ্ছে। এ ব্যাপারে প্রধানমন্ত্রীর নীতিগত অনুমোদন পাওয়া গেছে। সে অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার পরবর্তী কার্যক্রম শুরু করেছে। বিষয়টি যুগান্তরকে নিশ্চিত করেছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক (কলেজ ও প্রশাসন) অধ্যাপক শামসুল হুদা। তিনি বলেন, এসব প্রতিষ্ঠান জাতীয়করণের ব্যাপারে এখন পরবর্তী কার্যক্রম শুরু করা হবে। সাধারণত কোনো প্রতিষ্ঠান জাতীয়করণের জন্য তালিকাভুক্ত হলে সেখানে সব ধরনের নিয়োগ ও পদোন্নতি বন্ধ এবং স্থাবর-অস্থাবর সম্পত্তি সরকারের কাছে হস্তান্তর করতে হয়। এসব প্রক্রিয়া শেষে প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ করা হয়। এর আগে বিভিন্ন দফায় ২৬৬টি বেসরকারি হাইস্কুল জাতীয়করণের ব্যাপারে নীতিগতভাবে অনুমোদন দেন প্রধানমন্ত্রী। সে অনুযায়ী এখন পর্যন্ত ৪২টি স্কুল জাতীয়করণের ব্যয় নির্বাহের ব্যবস্থা হয়েছে। তবে সব স্কুলের জাতীয়করণের চূড়ান্ত আদেশ জারি হয়নি।

দেশের প্রতি উপজেলায় একটি করে বেসরকারি স্কুল ও কলেজ সরকারিকরণের ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছেন। এরপর সমীক্ষা চালিয়ে দেখা গেছে, ৩১৫টি উপজেলায় হাইস্কুল এবং ৩২১টি উপজেলায় সরকারি কলেজ নেই। প্রধানমন্ত্রীর ঘোষণার পর বিভিন্ন দফায় ১৯৯টি বেসরকারি কলেজ এবং এবারের ৩৭টিসহ ৩০৩টি হাইস্কুল জাতীয়করণের ব্যাপারে তিনি (প্রধানমন্ত্রী) নীতিগত অনুমোদন দিয়েছেন। দেশে বর্তমানে ৩৩৫টি সরকারি হাইস্কুল এবং ৩৩১টি কলেজ আছে।

নতুন জাতীয়করণকৃত কলেজগুলো হচ্ছে— মানিকগঞ্জের ঘিওরের বানিয়াজুরি ইউনিয়ন স্কুল ও কলেজ, নরসিংদীর শিবপুরের শহীদ আসাদ কলেজিয়েট স্কুল ও কলেজ, টাঙ্গাইলের সখীপুর উপজেলার সখীপুর পিএম পাইলট মডেল স্কুল ও কলেজ, কক্সবাজারের পেকুয়া মডেল জিএমসি ইন্সস্টিটিউশন, ফেনীর পরশুরাম পাইলট হাইস্কুল, কুমিল্লার চান্দিনা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, নাঙ্গলকোট এআর মডেল উচ্চ বিদ্যালয়, তিতাসের গাজীপুর খান মডেল বহুমুখী হাইস্কুল অ্যান্ড কলেজ, মনোহরগঞ্জ উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের শাহরাস্তি বহুমুখী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ার দেবগ্রাম পাইলট উচ্চ বিদ্যালয়, বিজয়নগর উপজেলায় দাউদপুর উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুরের রামগতির আলেকজান্ডার মডেল পাইলট উচ্চ বিদ্যালয় ও কমলনগর উপজেলার হাজীরহাট মিল্লাত একাডেমি (উচ্চ বিদ্যালয়), সিলেট জেলার ওসমানী নগরের মঙ্গলচণ্ডী নিশিকান্ত মডেল উচ্চ বিদ্যালয়, রাজশাহীর তানোরের মুণ্ডুমালা উচ্চ বিদ্যালয়, বগুড়ার দুপচাচিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নাটোরের লালপুরের করিমপুর উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জের শাহজাদপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার রাণীগঞ্জ দ্বিতীয় বহুমুখী উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ, পঞ্চগড়ের তেঁতুলিয়া পাইলট মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, খুলনা জেলার তেরখাদা ওয়াজেদ মেমোরিয়াল মডেল মাধ্যমিক বিদ্যালয়, যশোরের চৌগাছা শাহাদাৎ পাইলট মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, ঝিকরগাছার এমএল মডেল হাইস্কুল, কুষ্টিয়ার দৌলতপুরের পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও মহেশপুর পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, মেহেরপুর জেলার মুজিবপুর মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গার জীবননগর থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বরিশালের আগৈলঝারার গৈলা মডেল মাধ্যমিক বিদ্যালয়, বাকেরগঞ্জ বালিকা মাধ্যমিক বিদ্যালয়, গৌরনদী উপজেলার গৌরনদী পাইলট মাধ্যমিক বিদ্যালয়, বরগুনার তালতলী মডেল মাধ্যমিক বিদ্যালয় এবং পটুয়াখালীর রাঙ্গাবালীতে মৌডুবি মাধ্যমিক বিদ্যালয়।